গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
www.rajbarigovtcollege.edu.bd

তারিখ : ২৭/০৮/২০২৬ খ্রি.

# ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

রাজবাড়ী সরকারি কলেজে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ঘোষিত ভর্তি নীতিমালা ২০২৬ অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে। এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ নিম্ন বর্ণিত জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরা অনলাইনে আবেদনের জন্য যোগ্য বিবেচিত হবে। বিস্তারিত তথ্য নিচে উল্লেখ করা হলো।

| বিভাগ | আসন সংখ্যা | ভর্তির আবেদনের নূন্যতম জিপিএ | EIIN NO. |
|---|---|---|---|
| বিজ্ঞান | ৬০০ | ৩.৭৫ | 113488 |
| মানবিক | ৬৭০ | ২.৭৫ | |
| ব্যবসায় শিক্ষা | ৩৫০ | ২.২৫ | |

❖ সাধারণ শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোড, কারিগরি শিক্ষা বোর্ড ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০২৪, ২০২৫ ও ২০২৬ সালে পাসকৃত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

❖ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে।

(ক) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি

(খ) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় যে কোন একটি

(গ) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখায় যে কোন একটি

(ঘ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ এর যে কোনটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীর বিজ্ঞান বিভাগ ব্যতীত যে কোনটি)

(ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ সাধারণ শিক্ষা বোর্ডের যে কোনো বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

(চ) অনলাইনে ভর্তির আবেদন ফি ২২০/- (দুইশত বিশ) টাকা।

## ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু সংক্রান্ত সিডিউল :

| | | |
|---|---|---|
| ১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (পুনঃ নিরীক্ষণসহ পুনঃ মূল্যায়নের জন্য যারা আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০২/০৯/২০২৬ খ্রি. (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ খ্রি. (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ খ্রি. (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ খ্রি. (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ০৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬ খ্রি. (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ খ্রি. (রবিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ০৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৬ খ্রি. বুধবার রাত : ৮:০০ টা) |
| ০৫ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৮/০৯/২০২৬ খ্রি. (শুক্রবার) (রাত : ৮:০০ টা পর্যন্ত) |
| ০৬ | পছন্দক্রম অনুযায়ী মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৯/০৯/২০২৬ খ্রি. (শনিবার রাত : ৮:০০ টা) |
| ০৭ | ভর্তি | ২০/০৯/২০২৬ খ্রি. (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ খ্রি. (মঙ্গলবার) |
| **০৮** | **ক্লাস শুরু** | **২৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. (বুধবার)** |

❖ ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য কলেজের ওয়েবসাইট, ফেসবুক পেইজ ও নোটিস বোর্ডে পাওয়া যাবে।

(প্রফেসর মোস্তফা কামাল-১৫০০৬)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজবাড়ী সরকারি কলেজ, রাজবাড়ী।
ই-মেইল নম্বর: rajbarigovt.college@yahoo.com